

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০২.১৭-৫২৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৩ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন


যেহেতু, নারায়নগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে মাদারীপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ বেগম লায়লাতুল ফেরদৌস-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা ও অসদাচরণ অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তাঁর বিরুদ্ধে ০২/২০১৭ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম লায়লাতুল ফেরদৌস এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০১৭ নং বিভাগীয় মামলায় আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা ও অসদাচরণ অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নারায়নগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে মাদারীপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ বেগম লায়লাতুল ফেরদৌস-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০১৭ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০২.১৭-৫২৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ।
১৩ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
 - ২। জেলা ও দায়রা জজ, মাদারীপুর/নারায়নগঞ্জ।
 - ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৫। বেগম লায়লাতুল ফেরদৌস, যুগ্ম-জেলা ও দায়রা জজ, মাদারীপুর।
 - ৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- (উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


১৬/৮/২০১৮
(মোঃ নূরুল আলম সিদ্দিকি)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১